**গুরুশক্তিই ব্রহ্মশক্তি**

গুরুশক্তিই ব্রহ্মশক্তি "

১) গুরুকে আন্তরিক শ্রদ্ধা করিলে সর্ব্বদেবতা তুষ্ট হন ।

২) গুরুর আশ্রয় লইয়া সকল আশ্রয় প্রাপ্ত হয় ।

৩) গুরুর কোনো কার্য্যেই সমালোচনা কখনো করিতে নাই -তাতে গুরু নিন্দা দোষ উৎপন্ন হয় ।

৪) গুরুকে সাধারন মানুষ জ্ঞান কখনো কোনো কারণেই করিতে নাই -ঈশ্বর কৃপা করে গুরু রূপে পথ দেখেছেন এই জ্ঞানকেই স্থিতি করতে হয় ।

৫) গুরুর আদেশেই একমাত্র আদেশ যা নির্বিচারে -বিনাতর্কে পালন শিষ্যের প্রথম ও প্রধান কর্তব্য ।

৬) গুরুকে বা গুরুর সর্বদর্শিতা ও অন্তরযামিত্ম শক্তি সমন্ধে কখনো কোনো ভাবেই সন্দেহ বা সংশয় করা অনুচিত - কারণ গুরুকে সংশয়কারী ব্যক্তি অধঃপাতে যায় ।

৭) গুরু বাড়ি বা বাসস্থানকে বা স্থুল বাসভূমিকে - তীর্থ বা মন্দির জ্ঞান করিতে হয় ।

৮) গুরু-কৃপায় পরম মুক্তির পথ লাভ হয় ।

৯) গুরুর কৃপার সমান কৃপা ও গুরুর নিষ্কাম প্রেমে এর সমান প্রেমে জগতে আর কেহ করতে পারেন না -আর কারো পক্ষেই করা সম্ভবই হয় না ।

১০) গুরুর উপর পূর্ণ রূপে সমর্পিত ও আশ্রিত ব্যক্তিকে পাপ কখনো স্পর্শ করিতে পারে না ।

১১) গুরু আধার অনুযায়ী বীজ ও যোগ দীক্ষা দেনে যা কারো সঙ্গে তুলনা করা অনুচিত ।

১২) গুরুর দেওয়া যোগদীক্ষা কখনো নিষ্ফল হয় না ।

১৩) গুরুসেবা প্রত্যেকে শিষ্যের প্রথম ও প্রধান কর্তব্য ।

১৪) গুরুর পূজা করা একমাত্র শিষ্য এর সর্বপ্রথম অধিকার ।

১৫) গুরু পূজায় শুচি-অশুচি নাই ।

১৬) গুরুর কৃপা শক্তি শিষ্যকে সর্বদা সুরক্ষিত রাখে ।

১৭) গুরুকে কখনো জিগ্যেসে করতে নাই - যে কি করে গুরু সেবা করতে হয় বা কি কি কাজ করে গুরু সেবা করবো বা আপনার কি কি দরকার বলুন আমি করে দেবে --এটা করলে শিষ্যের শালীনতা , বিনয় , বিবেক ও শিষ্টাচার নষ্ট হয়ে যায় এবং ধীরে ধীরে অধঃপাতে যায় ।

১৮) যে শিষ্য গুরুর চরণে সম্পূর্ণ সমর্পন করে সে গুরুর অন্তরের সঙ্গে যুক্ত হয়ে যায় , যার ফলে সে সৎশিষ্য-উৎকর্ষশক্তি লাভ করে , তার ফলে সেই শিষ্যকে আর কখনোই গুরুকে জিগ্যেসে করার দরকার পড়ে না যে সে কি ভাবে গুরু সেবা করবে বা কি কি কাজে গুরু সেবা হয় বা গুরুর কখন কি প্রয়োজন বা কোন প্রকৃত কাজে গুরু প্রসন্ন হন এবং সে সেই সেই কাজ সৎশিষ্য-উৎকর্ষশক্তির প্রভাবে জেনে প্রতিটি কাজ করে গুরু সেবা করে মহান যোগ্যতা সম্পন্ন সৎশিষ্যে পরিণত হয়-তখন সে আর সাধারণ শিষ্য থাকে না- সে তখন গুরুর পরম আন্তরিক প্রিয় শিষ্যে পরিণত হয় এবং শেষে এ মৃত্যু এর পর গুরু যে লোকে যান সে লোকে তার গতি হয় । এই রকম সম্পূর্ণ সমর্পনকারী শিষ্য অতি দুর্লভ।

Published on: Jan, 02 2023 08:58